

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

২০১৮-২০১৯ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের (stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-

সভাপতিঃ ড. মোহাম্মৎ নাজমানারা খানুম।
মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ ও সময়ঃ ১৭ জুন, ২০১৯; দুপুর ১.০০ টা.
সভার স্থানঃ খাদ্য অধিদপ্তরের সভাকক্ষ।
সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ বাস্তবায়নকল্পে অধিদপ্তরের কার্যক্রম সংশ্লিষ্ট অংশীজনের ৪র্থ কোয়ার্টারের সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য উপ-পরিচালক (সংস্থাপন) আহ্বান জানান। উপ-পরিচালক (সংস্থাপন) সভায় আলোচ্য সূচি অনুসারে বিষয়ভিত্তিক নিম্নলিখিত আলোচনা করেন ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্তসমূহ	দায়িত্ব
১।	অধিদপ্তরের নিকট অংশীজনের আকাঙ্ক্ষা	অধিদপ্তর ও অধিদপ্তরের অধীনস্থ স্থাপনাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের যোগদানপত্র পৃষ্ঠাংকন, পদায়ন, পেনশন এবং সকল প্রকার ছুটি ও কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত কার্যাদি দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির বিষয়ে গত ৩য় কোয়ার্টারের আলোচনা হয়। তা বাস্তবায়ন হয়েছে মর্মে সভায় উপস্থিতগণ সন্তোষ প্রকাশ করেন।	অধিদপ্তর ও অধীনস্থ স্থাপনাসমূহে দ্রুততার সাথে কর্মকর্তা/কর্মচারীদের চাকরি সংক্রান্ত বিষয়ক সেবা প্রদানের বিষয়টি অব্যাহত রাখতে হবে।	(১) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর; (২) প্রধান মিলার; (৩) অতিরিক্ত পরিচালক; (৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল); (৫) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা। (৬) সাইলো অধীক্ষক (সকল)
২।	অধিদপ্তরের দক্ষতা/সেবার মান বৃদ্ধিকল্পে আলোচনা	(১) সচিবালয় নির্দেশমালা যথাযথভাবে অনুসরণ করে দাপ্তরিক কর্ম-নির্বাহের উপর গুরুত্বারোপ করা হয়।	সচিবালয় নির্দেশমালা, দাপ্তরিক কার্য-নির্বাহ আইন, বিধিমালা, নীতিমালা, প্রজ্ঞাপনসমূহের আলোকে কার্য সম্পাদন করতে হবে।	(১) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর; (২) অতিরিক্ত পরিচালক (সকল); (৩) সাইলো অধীক্ষক (সকল); (৪) প্রধান মিলার; (৫) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৩।	কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে আবেদন/ অভিযোগ	খাদ্য অধিদপ্তরের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীগণের বিরুদ্ধে অনিষ্পন্ন অভিযোগ দ্রুততম সময়ে নিষ্পত্তির জন্য নির্দেশনা দেয়া হয়।	সকল অভিযোগসমূহ দ্রুত তদন্তপূর্বক নিষ্পত্তি করতে হবে।	(১) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর (২) প্রধান মিলার, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল; (২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) (৩) সাইলো অধীক্ষক (সকল)
৪।	হাজিরা	খাদ্য অধিদপ্তর ও অধীনস্থ স্থাপনাসমূহে যথাসময়ে অফিসের কাজে উপস্থিত ও প্রস্থান করা বিষয়ে আলোচনা হয়।	যথাসময়ে কর্মস্থলে উপস্থিত ও প্রস্থান নিশ্চিত করতে হবে।	(১) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর (২) প্রধান মিলার, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল; (৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল); (৪) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা (৫) সাইলো অধীক্ষক (সকল)

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্তসমূহ	দায়িত্ব
৫।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম- পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো	খাদ্য অধিদপ্তর ও অধিদপ্তরধীন মাঠ পর্যায়ের স্থাপনাসমূহের ২০১৯-২০ এর আওতায় যথাসময়ে কর্মপরিকল্পনা প্রেরণ ও কোয়ার্টারভিত্তিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ দেয়া হয়।	২০১৯-২০ অর্থ বছরে শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও কোয়ার্টারভিত্তিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।	(১) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর (২) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল; (৩) অতিরিক্ত পরিচালক; (৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল); (৫) সাইলো অধীক্ষক (সকল); (৬) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা

আর কোন আলোচনা না থাকায় মহাপরিচালক, সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মোহাম্মৎ নাজমানারা খানুম।)

মহাপরিচালক

ফোন- ৯৫৮৪৮৩৪


dg@dgfood.gov.bd

তারিখঃ ২৮/৮/২০১৯ খ্রি।

স্মারক নং ১৩.০১.০০০০.০৩১.১৬.০০১.১৮. ২০১৫(৩০)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৭। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
- ৮। অতিঃ পরিচালক, প্রশাসন/অভ্যন্তরীণ নিরীক্ষা/এমআইএসএন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ১০। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১২। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।



(মোহাম্মদ ফারুক হোসেন)

অতিরিক্ত পরিচালক

প্রশাসন বিভাগ

খাদ্য অধিদপ্তর, ঢাকা।

ফোন-৯৫৮৩৮৯৯

adl.adam@dgfood.gov.bd